



পিরুজালী ইউনিয়ন পরিষদের ডিসেম্বর'২০২৩ খ্রি: তারিখের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি: মো: জালাল উদ্দিন, চেয়ারম্যান, ১নং পিরুজালী ইউনিয়ন পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর।

সভার স্থান: পিরুজালী ইউনিয়ন পরিষদ সভাকক্ষ

সভার সময়: দুপুর ১১.০০ ঘটিকা

সভার তারিখ: ১১/১২/২০২৩খ্রি:

সভায় উপস্থিত সদস্যদের নাম, পদবী ও স্বাক্ষর পরিশীষ্ট ক:

বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন: অধ্যকার সভায় সভাপতির অনুমোদন ক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠকরে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণীতে আর কোন পরিবর্তন ও পরিবর্ধন না থাকায় সভায় সর্ব সম্মতিক্রমে তা গৃহীত ও অনুমোদিত হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা অনুষ্ঠিত হয়।

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	আইনশৃঙ্খলা	অদ্য সভায় ইউনিয়নের আইন শৃঙ্খলা বিষয়ে আলোচনা করা হয়। সভায় উপস্থিত ১নং ও ৮নং ওয়ার্ডের সদস্যগণ জানান উক্ত ওয়ার্ডে ১। অটোরিক্সা, ব্যটারিচালিত অটো, ব্যটারি ও অন্যান্য সামগ্রী চুরি, ছিনতাই, ইয়াবা আসক্তি ও কিশোর গ্যাং এর প্রোকোপ বেড়ে গেছে। অন্যান্য ওয়ার্ডের আইনশৃঙ্খলা পরিষ্টি স্বাভাবিক আছে।	আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হইল: ১। আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখার জন্য কমিউনিটি পুলিশ ও গ্রাম পুলিশদের পাহারা জোরদার ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হইল। ২। কিশোর গ্যাং, চুরি, ছিনতাই রোধ করার জন্য গ্রাম পুলিশ ও ইউনিয়ন কমিউনিটি পুলিশ পাহাড়া জোরদারকরণ এর সিদ্ধান্ত গৃহীত হইল।	
০২.	ভূমি হস্তান্তর কর ১% প্রকল্পের অগ্রগতি	অদ্য সভায় ভূমি হস্তান্তর কর ১% প্রকল্পের অগ্রগতি প্রসঙ্গে আলোচনা করা হয়। আলোচনায় সভাপতি মহোদয় সকল সদস্যদের প্রাক্কলন মোতাবেক দ্রুত প্রকল্পের কাজ সম্পন্ন বিষয়ে আলোচনা করা হয়। ইতোমধ্যে ১৫ টি প্রকল্পের সমুদয় কাজ সম্পন্ন করা হয়েছে। ঠিকাদারের বিল ভাউচার ও সচিত্র প্রকল্পের ফাইল ইউনিয়ন পরিষদ কার্যালয়ে সংরক্ষণ করার নির্দেশ প্রদান করা হইল।	আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হইল: ১। ভূমি হস্তান্তর কর ১% হতে গৃহীত প্রকল্প দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হইল। ২। ঠিকাদারের বিল ভাউচার ও সচিত্র প্রকল্পের ফাইল ইউনিয়ন পরিষদ কার্যালয়ে সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হইল।	
০৩.	১৬ই ডিসেম্বর বিজয় দিবস উদযাপন	অদ্য সভায় সভাপতি মহোদয় ১৬ই ডিসেম্বর বিজয় দিবস উপলক্ষে আলোকসজ্জা ও পতাকা উত্তোলন এর আয়োজন করার বিষয়ে আলোচনা করেন।	আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হইল: ১। ১৬ই ডিসেম্বর বিজয় দিবস উপলক্ষে আলোকসজ্জা ও পতাকা উত্তোলন এর আয়োজন এর বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হইল।	
০৪.	জন্ম-মৃত্যু নিবন্ধন	অদ্য সভায় পিরুজালী ইউনিয়ন পরিষদের জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় জন্ম-মৃত্যু নিবন্ধনের বিভিন্ন সমস্যা ও রেজিস্টার সমূহ যথাযথভাবে সংরক্ষণের বিষয়ে আলোচনা করা হয়। এবং গ্রাম পুলিশ বাহিনিকে স্ব স্ব ওয়ার্ডের ৪৫ দিনের	আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হইল: ১। জন্ম-মৃত্যু নিবন্ধনের কাজ আরও সুষ্ঠুভাবে সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হইল। ২। জন্ম-মৃত্যু নিবন্ধনের সকল রেজিস্টার যথাযথভাবে লিপিবদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হইল।	

মোঃ জালাল উদ্দিন
চেয়ারম্যান
১নং পিরুজালী ইউনিয়ন পরিষদ
গাজীপুর সদর, গাজীপুর।



		জন্ম নিবন্ধন তথ্য রেজিস্টারে লিপিবদ্ধ করার নির্দেশ প্রদান করা হইল।	হইল।
০৫.	গ্রাম আদালত	অদ্য সভায় গ্রাম আদালতের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। গ্রাম আদালতের নথি ও রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ এবং গ্রাম আদালতে সকল সদস্যদের উপস্থিত থাকার জন্য সভাপতি মহোদয় নির্দেশ প্রদান করেন।	আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হইল: ১। গ্রাম আদালতের কাজ আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হইল। ২। গ্রাম আদালতের নথি ও সকল রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হইল। ৩। সকল সদস্যদের গ্রাম আদালতে উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হইল।
০৬.	স্ট্যান্ডিং কমিটির সভা পরিচালনা	অদ্য সভায় সভাপতি মহোদয় স্ট্যান্ডিং কমিটির সভা পরিচালনা বিষয়ে আলোচনা করেন। সকল সদস্যদের দ্রুত সকল ওয়ার্ডে স্ট্যান্ডিং কমিটির সভা পরিচালনা করার নির্দেশ প্রদান করেন।	আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হইল: ১। সকল সদস্যদের দ্রুত স্ট্যান্ডিং কমিটির সভা পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হইল।
০৯.	বিবিধ	অদ্য সভায় বিবিধ আলোচনায় হোল্ডিং ট্যাক্স আদায় জোরদার করণ, ইউনিয়ন পরিষদের সার্বিক বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া বিগত মাসের নিজস্ব তহবিলের সমস্ত ব্যয় ভাউচার অনুমোদনের বিষয়ে আলোচনা করা হয়। বিগত মাসের ব্যয় ভাউচার হিসাব নিরীক্ষা স্থায়ী কমিটির মূল্যায়নপূর্বক সকল সদস্য ভাউচার অনুমোদনে একমত পোষণ করেন।	আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হইল: ১। হোল্ডিং ট্যাক্স যথাযথভাবে আদায় ও হিসাবরক্ষণে সিদ্ধান্ত গৃহীত হইল। ২। বিগত মাসের ব্যয় ভাউচার ভাউচার অনুমোদনে সিদ্ধান্ত গৃহীত হইল।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় চেয়ারম্যান সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/

মোঃ জালাল উদ্দিন
চেয়ারম্যান

১ নং পিরাজালী ইউনিয়ন পরিষদ
গাজীপুর সদর, গাজীপুর।
মোঃ জালাল উদ্দিন
চেয়ারম্যান
১নং পিরাজালী ইউনিয়ন পরিষদ
গাজীপুর সদর, গাজীপুর।

স্মারকনং -

তারিখঃ

২৬ অগ্রহায়ন, ১৪৩০ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর, ২০২৩ ইং খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ১। জেলা প্রশাসক, গাজীপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর, গাজীপুর।
- ৩। সদস্য, সকল ১ নং পিরাজালী ইউনিয়ন পরিষদ
- ৪। অফিস কপি।

মোঃ জালাল উদ্দিন
চেয়ারম্যান

১ নং পিরাজালী ইউনিয়ন পরিষদ
গাজীপুর সদর, গাজীপুর।
মোঃ জালাল উদ্দিন
চেয়ারম্যান
১নং পিরাজালী ইউনিয়ন পরিষদ
গাজীপুর সদর, গাজীপুর।